

ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন ২০২৪

বিষয়: বাংলা, শ্রেণি: ষষ্ঠ

শিক্ষার্থী নির্দেশিকা

[নির্দেশনা বুঝতে সমস্যা হলে শিক্ষক বা সহপাঠীর সাথে আলাপ করা যাবে। প্রয়োজনে পাঠ্যবইয়ের সাহায্য নেয়া যাবে।
তবে আজকের সমস্ত আলাপে ও কাজে প্রমিত ভাষা ব্যবহার করতে হবে।]

প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বিদ্যালয়ে এক জমকালো অনুষ্ঠান আয়োজন করা হবে। অনুষ্ঠানের এক অংশে থাকবে আলোচনা সভা, আরেক অংশে থাকবে সাংস্কৃতিক পরিবেশনা। আলোচনা অংশে বিদ্যালয়ের প্রতিষ্ঠা, সাফল্য এবং বিদ্যালয়ের ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে আলোচনা করা হবে। আলোচনার পর থাকবে বিদ্যালয়ের শিক্ষার্থীদের নানা ধরনের পরিবেশনা। অনুষ্ঠানে উপস্থিত থাকবেন বিদ্যালয় কর্তৃপক্ষ, সকল শিক্ষক এবং শিক্ষার্থী। এ অনুষ্ঠান আয়োজনে শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণ করতে হবে।

কাজ ক। উপরের অনুষ্ঠানকে কেন্দ্র করে জোড়ায় আলোচনার ভিত্তিতে নিচের কাজগুলো করো।

১। এ অনুষ্ঠান আয়োজন নিয়ে কথা বলা যায়, এমন ব্যক্তিদের একটি তালিকা বানাও।

[প্রথমে নিজে নিজে একটি তালিকা তৈরি করে খাতায় লেখো। এরপর জোড়ায় থাকা সহপাঠীর সাথে আলোচনা করে নতুন কোনও ব্যক্তি খুঁজে পেলে তা খাতায় লেখো। সবশেষে দুইটি তালিকা একসাথে করে একটি চূড়ান্ত তালিকা তৈরি করো।]

- বানানো তালিকা থেকে যে কোনো একজন ব্যক্তির নাম বাছাই করো।

২। তোমার বাছাই করা ব্যক্তির সাথে কথোপকথনের একটি নমুনা তৈরি করো। কথোপকথন তৈরির সময়ে নিচের বিষয়গুলো খেয়াল রেখো:

- কথোপকথনটি হবে তোমার বিদ্যালয়ের প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানকে নিয়ে।
- কথোপকথনে সর্বনাম অনুযায়ী ক্রিয়া শব্দের মর্যাদা বজায় রাখতে হবে।
- কথোপকথনে বিবৃতিবাচক বাক্য, প্রশ্নবাচক বাক্য, অনুজ্ঞাবাচক বাক্য ও আবেগবাচক বাক্য ব্যবহার করতে হবে।

[কথোপকথনটি লিখতে গিয়ে নিজের বাছাই করা ব্যক্তির সাথে কি ধরনের আলাপ করা যেতে পারে, কিভাবে মর্যাদা বজায় রাখা যায়, বিভিন্ন ধরনের বাক্যের কাঠামো কেমন হয় এবং কিভাবে এগুলোকে লেখায় ব্যবহার করা যায় এগুলো নিয়ে পাশের সহপাঠীর সাথে আলোচনা করতে পারো।

নমুনা কথোপকথনটি লেখার আগে বৃক্ষর সাথে আলোচনা করে তুমি কি কি বিষয় জানতে পারলে তার মূলকথা সংক্ষেপে লিখতে হবে।]

কাজ ঋ. এবার তুমি পরিবেশনা অনুষ্ঠানে কিভাবে অংশগ্রহণ করতে চাও তা নিয়ে একটি ছোট অনুচ্ছেদ লেখো। হতে পারে তুমি এ অনুষ্ঠানে গান, কবিতা আবৃত্তি বা নাচ পরিবেশন করতে কিংবা অনুষ্ঠান উপস্থাপনা করতে চাও।

অনুচ্ছেদটি ১০০ শব্দের মধ্যে লেখা যেতে পারে। খেয়াল রাখো—

- তোমার লেখা অনুচ্ছেদে যেন অন্তত পাঁচ শ্রেণির শব্দের ব্যবহার থাকে।
- এই অনুচ্ছেদে যেন অন্তত পাঁচ ধরনের যতিচিহ্নের ব্যবহার থাকে।

৩। নিচের ছকের অনুরূপ একটি ছক তোমার খাতায় আঁকো। তোমার অনুচ্ছেদ থেকে পাঁচটি শব্দ নিচের ছকের বাম কলামে লেখো। শব্দগুলো কোন শ্রেণির তা ডান কলামে লিখবে।

শব্দ	শব্দটির শ্রেণি

৪। নিচের ছকের অনুরূপ একটি ছক তোমার খাতায় আঁকো। তোমার ব্যবহৃত পাঁচটি যতিচিহ্নের ব্যবহারের কারণ দেখাও:

যতিচিহ্ন-সহ বাক্য	যতিচিহ্নটি ব্যবহারের কারণ

৫। এখন তোমার লেখা অনুচ্ছেদ থেকে যে কোনো দুটি শব্দের বিপরীত শব্দ লেখো। তারপর ওই দুটি বিপরীত শব্দ ব্যবহার করে দুটি বাক্য লেখো।

বাক্য ১:

বাক্য ২:

৬। এরপর তোমার লেখা অনুচ্ছেদের যে কোনো দুটি শব্দের প্রতিশব্দ লেখো। তারপর প্রতিশব্দ ব্যবহার করে বাক্য/বাক্যগুলো আবার লেখো।

বাক্য ১:

বাক্য ২:

কাজ গ এ অনুষ্ঠান আয়জনকে ঘিরে সাইনবোর্ড, পোস্টার, ব্যানার, আমন্ত্রণপত্র কিংবা বিজ্ঞাপনের মধ্য থেকে যে কোনো একটির নমুনা লেখা খাতায় তৈরি করো।

- কাজটি হবে একটি দলীয় কাজ।
- ৫ জনের দলে কাজটি করা যাবে। শিক্ষার্থীসংখ্যা কম-বেশি বিবেচনায় শিক্ষকের নির্দেশনায় ভিন্নভাবেও দল গঠন করা যেতে পারে।
- আলোচনার মাধ্যমে লেখার কাঠামো এবং কি লেখা হবে তা ঠিক করতে হবে।
- দলের প্রত্যেক সদস্য যেকোন একটি করে নমুনা লেখা নিজ খাতায় তৈরি করবে।
- দলের সদস্যরা নিজেদের মধ্যে আলোচনা করে ঠিক করবে কে কোন ধরনের নমুনা তৈরি করবে। তবে প্রতিটি দলেই বিভিন্ন ধরনের লেখার নমুনা থাকতে হবে।

[নমুনা লেখাটি লেখার আগে, দলীয় আলোচনার মাধ্যমে কি কি সিদ্ধান্ত নেয়া হয়েছে এবং গুরুত্বপূর্ণ বিষয় উঠে এসেছে তা সংক্ষেপে লিখতে হবে।]